



স্মারক নম্বর: ০৭.০৩.০০০০.০০৩.১৯.৪০৭(খন্ড-১).২০-২২০

তারিখ: ২২/০৩/২০২১খ্রি.

বিষয়ঃ পেনশনারগণের সমস্যা সমাধান প্রসংগে।

সূত্রঃ স্মারক নং-সিএএফও/পিএফএম/সিজিএ যোগাযোগ/৪৩(খন্ড-১)/৫১৭ তারিখ: ১৪-০৩-২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রতি দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে।

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্টে পেনশন রিভায়ক সার্ভিস ডেলিভারি উন্নয়নের জন্য [www.cafopfm.gov.bd](http://www.cafopfm.gov.bd) ওয়েবসাইট সচল রয়েছে। ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা শীর্ষক মেনুটি উন্নয়নের কাজ চলছে এবং শীঘ্রই কল সেন্টার চালু করা হবে। বর্তমানে Life Verification সেবাসহ বিভিন্ন কারণে পেনশনারগণ প্রাথমিকভাবে সংশ্লিষ্ট পে-পয়েন্টে যোগাযোগ করে থাকেন। কোন কোন ক্ষেত্রে Life Verification এর জন্যও পেনশনারদেরকে ঢাকায় সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ের সাথে যোগাযোগ করার বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। পেনশনারদের হয়রানি লাঘব এবং দ্রুত সেবা দেয়ার জন্য সকল হিসাবরক্ষণ অফিসসমূহকে নিম্ন নির্দেশনা নির্দেশক্রমে প্রদান করা করা হলোঃ

(১) Life Verification সেবা যে কোন পে-পয়েন্ট প্রদান করতে পারে। এজন্য পেনশনারকে কোন ক্রমেই ঢাকা আসার পরামর্শ দেয়া যাবে না। কোন পেনশনারকে ঢাকা আসার পরামর্শ প্রদান করলে এতদবিষয়ে পেনশনারের বক্তব্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২) পেনশনার কোন সমস্যা নিয়ে আসলে নির্ধারিত ফরমে সমস্যা সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে Zimbra mail এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

(৩) পেনশনারের সমস্যা চিহ্নিতকরণ পূর্বক তা সমাধানের জন্য নিম্নোক্ত কাজগুলো প্রাথমিকভাবে সংশ্লিষ্ট পে-পয়েন্ট কর্তৃক সম্পন্ন করতে হবে।

(ক) Pensioner Status Report যাচাই করতে হবে।

(খ) List of Token of Pensioner Report যাচাই করতে হবে।


(গ) [www.cafopfm.gov.bd](http://www.cafopfm.gov.bd) ওয়েবসাইটে পেনশনারের NID এবং মোবাইল নম্বর insert করে block করার কারণ যাচাই করতে হবে।

(ঘ) Life Verification এর কারণে পেনশন বন্ধ থাকলে Life Verification করতে হবে।

(ঙ) জন্ম তারিখ, অবসরের তারিখ, Net Pension at retirement date, Bank A/C নম্বর, পারিবারিক পেনশনারের ক্ষেত্রে inheritance entry আছে কিনা তা যাচাই করতে হবে।

(চ) সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে পেনশনারের ১ম মাসের পেনশন (First Month) প্রাপ্তির জন্য পরবর্তী মাসের ২০ তারিখ পর্যন্ত অপেক্ষা করার জন্য বলতে হবে, কারণ প্রতি মাসে সিএএফও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে আগত প্রায় ২০/৩০ হাজার First Month পেনশনারদের প্রতিটি পেনশনারের তথ্য যাচাই করার প্রয়োজন পরে।

(৪) কোন পেনশনারের একাধিক মাসের বকেয়া থাকলে অভিযোগপত্রে পেনশনারের স্বাক্ষর নিয়ে Zimbra mail এ প্রেরণ করতে হবে।



(মোঃ মাসুম-উল-মান্নান)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন: ৪৮৩১৬০৮৯

E-mail: addlcgaacc@cga.gov.bd

কার্যার্থে বিতরণঃ

- চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।  
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল) ।  
জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।  
উপজেলা একাউন্টস অফিসার (সকল) ।

স্মারক নম্বর: ০৭.০৩.০০০০.০০৩.১৯.৪০৭(খন্ড-১).২০

তারিখ: ১০/১০/২০২১খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ: উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি)]
- ২) অতি: সিজিএ (প্রশাসন)।
- ৩) পিএস টু সিজিএ।
- ৪) অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ মিরাজ আলী)

উপহিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-২)

E-mail: dcgaacc@cga.gov.bd